

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৮৮৭

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ সাহাবার মাহাত্ম

আরবী

عَنْ أَبِيْ عَبْدِ الرَّحْمَنِ الْجُهَنِيِّ قَالَ بَيْنَا نَحْنُ عِنْدَ رَسُولِ اللهِ عَلَيْ إِذْ طَلَعَ رَاكِبَانِ فَلَمَّا رَآهُمَا قَالَ كِنْدِيَّانِ مَذْحِجِيَّانِ حَتَّى أَتَيَاهُ فَإِذَا رِجَالٌ مِنْ مَذْحِجِ قَالَ فَدَنَا إِلَيْهِ أَحَدُهُمَا لِيُبَايِعَهُ قَالَ فَلَمَّا أَخَذَ بِيَدِهِ قَالَ يَا رَسُولَ اللهِ أَرَأَيْتَ مَنْ رَآكَ فَآمَنَ بِكَ وَصَدَّقَكَ وَاتَّبَعَكَ لِيُبَايِعَهُ قَالَ فَلَمَّا أَخَذَ بِيَدِهِ قَالَ يَا رَسُولَ اللهِ أَرَأَيْتَ مَنْ رَآكَ فَآمَنَ بِكَ وَصَدَّقَكَ وَاتَّبَعَكَ مَاذَا لَهُ قَالَ طُوبَى لَهُ قَالَ فَمَسَحَ عَلَى يَدِهِ فَانْصَرَفَ ثُمَّ أَقْبَلَ الْآخَرُ حَتَّى أَخَذَ بِيَدِهِ لِيُعْتَى مَنْ آمَنْ بِكَ وَصَدَّقَكَ وَاتَبَعَكَ وَلَمْ يَرَكَ قَالَ طُوبَى لَهُ ثُمَّ لِيلِهِ لَهُ قَالَ طُوبَى لَهُ ثُمَّ الْفَالِ فَمَسَحَ عَلَى يَدِهِ فَانْصَرَفَ وَاتَبَعَكَ وَلَمْ يَرَكَ قَالَ طُوبَى لَهُ ثُمَّ طُوبَى لَهُ قَالَ طُوبَى لَهُ قَالَ فَمَسَحَ عَلَى يَدِهِ فَانْصَرَفَ وَاتَبَعَكَ وَلَمْ يَرَكَ قَالَ طُوبَى لَهُ ثُمَّ طُوبَى لَهُ ثُمَّ طُوبَى لَهُ قَالَ فَمَسَحَ عَلَى يَدِهِ فَانْصَرَفَ

বাংলা

(২৮৮৭) আবৃ আব্দুর রহমান জুহানী (রাঃ) বলেন, একদা আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট বসে ছিলাম। এমন সময় দুই জন আরোহী দেখা গেল। আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "ওরা (ইয়ামানের) কিন্দী মাযহিজী।"

তারা তাঁর নিকট উপস্থিত হল। দেখা গেল তারা মাযহিজ গোত্রের দুই লোক। অতঃপর তাদের একজন তাঁর নিকটবর্তী হয়ে বায়আত করতে গেল। সুতরাং যখন সে তাঁর হাত ধরল, তখন বলল, 'হে আল্লাহর রসূল! আপনি কী মনে করেন? যে আপনাকে দেখল, আপনার প্রতি ঈমান আনল, আপনার অনুসরণ করল এবং আপনার সত্যায়ন করল, তার জন্য কী?'

তিনি বললেন, সুসংবাদ বা সুখের জীবন সেই ব্যক্তির জন্য।

তারপর সে তাঁর হাত স্পর্শ ক'রে সরে গেল। অতঃপর দ্বিতীয় ব্যক্তি এসে তাঁর হাতে বায়আত করতে গেল। সুতরাং যখন সে তাঁর হাত ধরল, তখন বলল, 'হে আল্লাহর রসূল! আপনি কী মনে করেন? যে আপনার প্রতি ঈমান আনল, আপনার অনুসরণ করল এবং আপনার সত্যায়ন করল, কিন্তু আপনাকে দেখতে পেল না, তার জন্য কী?'

উত্তরে তিনি বললেন, সুসংবাদ বা সুখের জীবন সেই ব্যক্তির জন্য। অতঃপর সুসংবাদ বা সুখের জীবন সেই



ব্যক্তির জন্য। অতঃপর সুসংবাদ বা সুখের জীবন সেই ব্যক্তির জন্য। তারপর সে তাঁর হাত স্পর্শ ক'রে সরে গেল।

ফুটনোট

(আহমাদ ১৭৩৮৮, ত্বাবারানীর কাবীর ৭৪২, সিঃ সহীহাহ ১২৪১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন